



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে “নৈতিকতা কমিটি”র ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী
সভাপতি : প্রতাপ চন্দ্র বিশ্বাস, জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
সভার স্থান : জেলা প্রশাসকের অফিস কক্ষ।
সভার তারিখ ও সময় : ২৭ ডিসেম্বর ২০২১ সকাল: ১০.০০ টা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার, সাধারণ শাখা সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা শুরু করেন। আলোচনায় উপস্থিত সকলে অংশগ্রহণ করেন। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ বাস্তবায়ন।	ক) জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলায় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ সংক্রান্ত নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম যথাযথ বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম বরাবর প্রেরণ করতে হবে। খ) এ কার্যালয়ের সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে সাধারণ শাখায় দাখিল করবেন। গ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খাগড়াছড়ি পার্বত্য জেলা। ২. সহকারী কমিশনার (সাধারণ শাখা) ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি, খাগড়াছড়ি। ৩. নেজারত ডেপুটি কালেক্টর, খাগড়াছড়ি। ৪. সহকারী কমিশনার, সংশ্লিষ্ট সকল শাখা এ কার্যালয়। ৫. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, খাগড়াছড়ি। ৬. প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, এ অফিস।
২.	কার্যালয়ের কর্মপরিবেশের উন্নয়ন	১) এ কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়নের জন্য কার্যালয়ের প্রাঙ্গণে (ক) ‘কালেক্টরেট গার্ডেন’ (খ) ওয়াশরুম সংস্কার ও (গ) মহিলা কর্মচারীদের জন্য মহিলা কর্ণার প্রকল্প বাস্তবায়ন করা হবে। ২) এ কার্যালয়ে আগত সেবা প্রত্যাশীদের বসার জন্য বারান্দায় চেয়ার স্থাপন করা হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খাগড়াছড়ি পার্বত্য জেলা। ২. নেজারত ডেপুটি কালেক্টর, খাগড়াছড়ি।
৩.	জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত অভিযোগ বাক্সে প্রাপ্ত অভিযোগ।	জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত অভিযোগ বাক্স নিয়মিত খুলে প্রাপ্ত অভিযোগ জেলা প্রশাসক, খাগড়াছড়ি বরাবর উপস্থাপনপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী কমিশনার, গোপনীয় শাখা, এ অফিস।
৪.	সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদকরণ	শাখাভিত্তিক ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।	সহকারী কমিশনার, সাধারণ শাখা।

ক্রম.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫.	সঠিক সময়ে অফিসে আসা ও অফিস ত্যাগ করা	(ক) এ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে সকাল ৯.০০ টার মধ্যে অফিসে উপস্থিত হতে হবে। শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সকাল ৯.১৫ টার মধ্যে শাখার সকল কর্মচারীর উপস্থিতি নিশ্চিতপূর্বক হাজিরা খাতায় স্বাক্ষর করবেন। (খ) কোন জরুরি প্রয়োজনে অফিস চলাকালীন কারো অফিস ত্যাগ করতে হলে তার উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করে অফিস ত্যাগ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), উপজেলা নির্বাহী অফিসার (সকল), খাগড়াছড়ি, সহকারী কমিশনার (সকল) শাখা, ও প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, এ অফিস।

পরিশেষে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্টদের আন্তরিকভাবে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রতাপ চন্দ্র বিশ্বাস)
জেলা প্রশাসক

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটি
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

ফোন: ০২৩৩৩৩৪৩৮১১, ফ্যাক্স : ০২৩৩৩৩৪৩৭২৮
e-mail : dckhagrachari@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৪৬০০.০০২.০৫.০০৯.২১- ১৮৬৩

তারিখ : ২৭ ডিসেম্বর ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)..... খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর/জেনারেল সাটিফিকেট অফিসার/এলএও, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৮। সহকারী কমিশনার শাখা, এ অফিস।

(মো: এরফান উদ্দিন)
সহকারী কমিশনার






ও

সদস্য সচিব

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটি
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৪৩২৮৫

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ এর বাস্তবায়ন
সংক্রান্ত নৈতিকতা কমিটির সভায় উপস্থিতি:

(সভার তারিখ: ২৭/১২/২০২১ সকাল- ১০.০০ টা)

ক্রম	নাম ও পদবী	ঠিকানা	স্বাক্ষর
১.	জনাব আবু সাঈদ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা	 ২৭/১২/২১
২.	জনাব মো: এরফান উদ্দিন সহকারী কমিশনার (সাধারণ শাখা)	জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা	 ২৭/১২/২১
৩.	জনাব মো: নূরের নবী প্রশাসনিক কর্মকর্তা (সংস্থাপন শাখা)	জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা	 ২৭/১২/২১
৪.	অমর জ্যোতি চাকমা, উচ্চমান সহকারী পক্ষে- প্রধান সহকারী, (সাধারণ শাখা)	জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা	 ২৭/১২/২১
৫.	জনাব শান্তিমনি চাকমা, অফিস সহায়কগণের প্রতিনিধি	জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা	 ২৭/১২/২১